দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 MAY 2016
পৃষ্ঠা ২৭ কলাম ২

# অবৈতনিক শিক্ষা স্নাতক পর্যন্ত করা হবে ॥ মুহিত

স্টাফ রিপোর্টার ॥ স্নাতক পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করার উদ্যোগ নিচ্ছে সরকার। আগামী তিন-চার বছর পর অবৈতনিক শিক্ষা স্নাতক পর্যন্ত নেয়া হবে জানিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, প্রধানমন্ত্রী অনেক আগেই এটি করার উদ্যোগ নিলেও আমার কারণে হয়নি। বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মুহিত বলেন, প্রধানমন্ত্রী একটা কথা সবসময় বলেন, সবাইকে শিক্ষিত করে গড়ে তোলা হলে আমাদের আর কোন সমস্যা থাকবে না। তাই তিনি স্নাতক পর্যন্ত শিক্ষা অবৈতনিক করতে চান। কিন্তু রাজস্বের অভাবে তা করতে পারছি না। বর্তমানে অবৈতনিক শিক্ষা রয়েছে উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত।

অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীদের প্রতি অর্থমন্ত্রী সবাইকে অন্তত মাধ্যমিক পর্যন্ত শিক্ষা গ্রহণের আহ্বান জানিয়ে বলেন, সমাজে অনেক বঞ্চিত, নিপীড়িত অসহায় আছে, তাদের টেনে তুলতে হবে।

সভাপতির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, গতানুগতিক উচ্চশিক্ষার বাইরে গবেষণায় গুরুত্ব দিতে হবে। প্রযুক্তি জ্ঞান কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে ও বেকারত্ব দূরীকরণে কারিগরি শিক্ষায় গুরুত্ব দিয়েছে সরকার। ২০২০ সালের মধ্যে এটি ২০ শতাংশে উন্নীত করতে কাজ করা হচ্ছে।

এর আগে বেলুন উড়িয়ে শিক্ষা সপ্তাহের উদ্বোধন করেন অর্থ ও শিক্ষামন্ত্রী। শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে আরও বক্তব্য দেন মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ফাহিমা খাতুন ও শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসাইন।

২৫ মে শুরু হওয়া শিক্ষাসপ্তাহ চলবে ২৮ মে পর্যন্ত। এ উপলক্ষে ঢাকাসহ দেশব্যাপী নানা অনুষ্ঠান ও শিক্ষার্থীদের জন্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের শুরুতেই আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।